# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 23.08.2024 Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ সুপ্রিম কোর্ট, কলকাতার RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালের চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও হত্যার প্রতিবাদে আন্দোলনরত ডাক্তারদের কাজে ফেরার আবেদন জানিয়েছে।

# আবেদনে সাড়া দিয়ে দিল্লির এইমস সহ একাধিক কেন্দ্রীয় সরকারি হাসপাতালে আন্দোলনকারীরা কর্মবিরতি প্রত্যাহার করে নিয়েছেন।

২/ ধর্ষণের ঘটনায় দোষীদের দ্রুত বিচার এবং দৃষ্টান্তমূলক শাস্তির জন্য কথোর আইন প্রণয়নের দাবী জানিয়ে প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন মুখ্যমন্ত্রী।

৩/ আজ জাতীয় মহাকাশ দিবস। এরাজ্যেও প্রথম এই দিনটি উদ্‌যাপনে নানা অনুশঠানের আয়োজন করা হয়েছে।

৪/ মোহনবাগান সুপার জায়ান্ট ও রেলওয়ে এফসি-র মধ্যে কলকাতা প্রিমিয়ার লিগের আজকের ম্যাচটি হচ্ছেনা।

*********************************************************************

সুপ্রিম কোর্ট, কলকাতার RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালের চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও হত্যার প্রতিবাদে আন্দলোনরত ডাক্তারদের কাজে ফেরার আবেদন জানিয়েছে।

স্বতঃপ্রণোদিত মামলার শুনানির সময় প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় এবং দুই বিচারপতি জে বি পারদিওয়ালা এবং মনোজ মিশ্রের বেঞ্চ বলেন, পাশবিক আক্রমণে নিহত ওই তরুণী PGT চিকিৎসকের পরিবার কোনোদিনই স্বাভাবিক অবস্থায় ফিরতে পারবেন না। গোটা দেশ মর্মাহত। কিন্তু আইন তার নিজের পথে চলবে।

চিকিতসার অপেক্ষায় থাকা হাজার হাজার রোগীর থেকে ডাক্তাররা মুখ ফিরিয়ে থাকতে পারেন না। কাজে যোগ দিলে হাসপাতাল কর্তৃপক্ষ আইনি ব্যবস্থা নিতে পারেন, আন্দোলনকারীদের এই আশঙ্কার প্রেক্ষিতে প্রধান বিচারপতি আশ্বাস দেন, তাঁদের বিরুদ্ধে কোনোরকম শাস্তিমূলক ব্যবস্থা যাতে না নেওয়া হয় তা তাঁরা সুনিশ্চিত করবেন।

জুনিয়ার ডাক্তারদের টানা ৩৬ বা ৪৮ ঘন্টার শিফ্ট-কে অমানবিক আখ্যা দিয়ে প্রধান বিচারপতির বেঞ্চ, জাতীয় টাস্ক ফোর্সকে স্বাস্থ্য কর্মীদের অভিন্ন সুরক্ষা বিধির পাশপাশি এই বিষয়টি'ও বিবেচনা করতে বলেন।

৯'ই আগস্ট সকালে নিহত চিকিৎসকের দেহ দেখতে পাওয়া ও FIR দায়েরের মধ্যে সময়ের বিরাট ব্যবধান, ময়না তদন্তের পরেও এই মৃত্যুকে অস্বাভাবিক বলা এবং ১২ ঘন্টার বেশী কেটে যাওয়ার পর অকুস্থল 'সিল' করা, গতকালের শুনানিতে, মূলতঃ এই তিনটি বিষয় নিয়ে রাজ্যকে শীর্ষ আদালতের প্রশ্নের মুখে পড়তে হয়। বিচারপতি পারদিওয়ালা মন্তব্য করেন, তাঁর ৩০ বছরের আইনি জীবনে এধরণের তদন্ত  কখনো দেখেননি তিনি। তৎকালীন অধ্যক্ষ কেন FIR দায়ের করলেন না, তাঁকে অন্য হাসপাতালে বদলি করা হল কেন, প্রধান বিচারপতি গতকাল'ও সেই প্রশ্ন তোলেন। সলিসিটার জেনারেল তুষার মেহেতা এবং রাজ্যের আইনইজীবি কপিল সিবালের মধ্যে উত্তপ্ত বাক্য বিনিময় শুরু হলে, ভয়ঙ্কর ওই অপরাধের ঘটনার রাজনীতিকরণ না করার জন্য কেন্দ্র এবং পশ্চিমবঙ্গ সরকারের প্রতি আবেদন জানায় বেঞ্চ।   ৫'ই সেপ্টেম্বর মামলার পরবর্তী শুনানি।

***********************

কাজে ফেরার জন্য সুপ্রিম কোর্টের আবেদনে সাড়া দিয়ে দিল্লির এইমস সহ একাধিক হাসপাতালে আন্দোলনরত পড়ুয়া, চিকিৎসক ও ইন্টার্নরা কর্মবিরতি প্রত্যাহারের সিদ্ধান্ত নিলেও এ রাজ্যে এখনই তা তুলে নেওয়া হচ্ছে না। আন্দোলনকারীরা জানিয়েছেন, রাজ্যের সব সরকারি হাসপাতালেই কর্মবিরতি চলবে। গতরাতে জেনারেল বডি মিটিংয়ের পর তাঁদের তরফে জানানো হয়, আর জি করে চিকিৎসক ধর্ষণ খুনে জড়িত সকলে গ্রেফতার না হওয়া পর্যন্ত সুবিচার মিলবে না।

আজ সিবিআই দফতরে গিয়ে তদন্তের অগ্রগতির বিষয়ে জানার পর কর্মবিরতি নিয়ে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

***********************

আন্দোলনরত চিকিৎসকদের দাবি মেনে সন্দীপ ঘোষের উত্তরসূরি সুহৃতা পালকে বুধবার আরজি কর মেডিকেল কলেজের অধ্যক্ষ পদ থেকে সরিয়ে দিয়েছিল রাজ্য স্বাস্থ্য দফতর। সরকারি নির্দেশ মেনে গতকাল তাঁর বারাসত মেডিক্যাল কলেজের অধ্যক্ষ পদে যোগ দেওয়ার কথা ছিল। কিন্তু সন্ধ্যা পর্যন্ত কাজে যোগ দেননি সুহৃতা। নিহত নির্যাতিতা যে বিভাগে পিজিটি ছিলেন, সেই চেস্ট মেডিসিন বিভাগের প্রধান ডাঃ অরুণাভ দত্ত চৌধুরীকে বদলি করা হয়েছে মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালে। তিনিও নতুন কাজে যোগ দেননি। তবে তাঁর বদলি হয়ে আসার খবরে ক্ষুব্ধ সেখানকার পড়ুয়া ও জুনিয়র ডাক্তারদের একাংশ। তাঁরা বলছেন, মালদহ মেডিক্যাল কলেজ ডাস্টবিন নয়। ওই অধ্যাপককে ঢুকতে দেবেন না তাঁরা।

***********************

শিয়ালদা আদালত, আর জি কর কাণ্ডে প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং নিহত নির্যাতিতার সহকর্মী পড়ুয়া মিলিয়ে আরও পাঁচজন এবং ধৃত সঞ্জয় রায়ের ঘনিষ্ঠ একজনের পলিগ্রাফ টেস্টের জন্য সিবিআই-এর আবেদন মঞ্জুর করেছে। তবে, কবে এই পরীক্ষা করা হবে, তা’ এখনও স্থির করেনি আদালত।

এর আগে গতকাল সুপ্রিম কোর্টের স্বতঃপ্রণোদিত মামলার শুনানীতে সলিসিটার জেনারেল তুষার মেহতা জানান, নিম্ন আদালতে পলিগ্রাফ টেস্টের আবেদন বকেয়া রয়েছে। এদিকে, সন্দীপ ঘোষকে CGO কমপ্লেক্সে গতকাল নিয়ে টানা ৭দিন জেরা করেছে CBI ।

***********************

আর জি কর কান্ডের প্রতিবাদে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংহতি মঞ্চের আহ্বানে মেন গেটের বাইরে গতকাল প্রতীকী অবস্থান শুরু হয়। সহায়তায় ছিলেন প্রেসিডেন্সির শিক্ষক, গবেষক ও শিক্ষাকর্মীবৃন্দ।

বেথুন করেজের অধ্যাপক ও প্রাক্তনীরাও প্রতিবাদ মিছিল করেন। মিছিল করেন বাচিক শিল্পীরাও।

নির্যাতিতার জন্য ন্যায় বিচার চেয়ে পথে নেমেছেন চিকিৎসক, ছাত্র-ছাত্রী, ইউটিউবার সহ বিভিন্ন ক্ষেত্রের প্রতিবাদীরা।

এদিকে, স্কুলপড়ুয়ারা যাতে স্কুল চত্বরের বাইরে শিক্ষা দপ্তরের কর্মসূচি ছাড়া অন্য কোনও কর্মসূচিতে যোগ না দেয়, সেই মর্মে পশ্চিম মেদিনীপুরে সরকারি স্কুলগুলির প্রধানশিক্ষকদের উদ্দেশে জেলা বিদ্যালয় পরিদর্শক নির্দেশিকা জারি করেছেন বলে খবর।

************************

বিজেপির স্বাস্থ্য ভবন অভিযানে বিনা প্ররোচনায় পুলিশের ধর-পাকড়ের প্রতিবাদে দল আজ রাজ্যের সর্বত্র থানা ঘেরাও করে বিক্ষোভ দেখাবে। বিধাননগর পূর্ব থানা থেকে ছাড়া পেয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল একথা জানান। তিনি বলেন, বিজেপি কর্মী-সমর্থকরা কোনোরকম প্ররোচনা দেয়নি। তাঁদের হাতে কোনো অস্ত্র ছিলনা, তা সত্বেও পুলিশ তাঁদের আটক করে।

(বাইট- শুভেন্দু )

এর আগে উল্টোডাঙ্গার হাডকো মোড় থেকে স্বাস্থ্য ভবনের দিকে যাওয়ার সময় করুণাময়ীর কাছে মিছিলকারীরা পুলিশের ব্যারিকেড ভেঙ্গে এগোনোর চেষ্টা করলে, দু'পক্ষের ধস্তাধস্তি বাধে। বিরোধী দলনেতা ছাড়াও, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য এবং রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টপাধ্যায় সহ বিজেপির বেশ কয়েকজন নেতাকে আটক করে পুলিশ।

এই অভিযানককে তীব্র কটাক্ষ করেছেন তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ।

(বাইট- কুণাল)

************************

দেশে একের পর এক ধর্ষণের ঘটনায় উদ্বিগ্ন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, দোষীদের দ্রুত গ্রেপ্তার এবং পনেরো দিনের মধ্যে বিচার প্রক্রিয়া শেষ করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি দিয়েছেন। মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় গতকাল নবান্নে এক সাংবাদিক বৈঠকে জানান, চিঠিতে মুখ্যমন্ত্রী লিখেছেন, দেশের বিভিন্ন জায়গায় প্রতিদিন ৯০ টির মতো ধর্ষনের ঘটনা ঘটছে। যা নাড়িয়ে দিয়েছে সমাজ ও দেশের আত্মবিশ্বাস এবং বিবেককে। এ

ধরনের গুরুতর ও স্পর্শকাতর বিষয়ের সর্বাত্মক মোকাবিলায় কঠোর কেন্দ্রীয় আইনের মাধ্যমে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করার আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী। বিচার প্রক্রিয়া দ্রুত শেষ করতে বিশেষ ফাস্ট ট্র্যাক আদালত তৈরিরও প্রস্তাব দিয়েছেন তিনি।
এক্স হ্যান্ডেলে একই দাবি জানিয়েছেন তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক, সাংসদ অভিষেক ব্যানার্জিও।

**********************

হাওড়ার বেলুড়ের ভোটবাগান অঞ্চলে বাড়িতে ঘুমোনোর সময় বাইরে থেকে অ্যাসিড ছোঁড়ার ঘটনায় এক তরুণী ও তাঁর মা জখম হয়েছেন। ঘরে সেই সময় ৫/৬ জন ঘুমিয়ে ছিলেন। মা খুব বেশি আহত না হলেও তরুণীর অবস্থা গুরুতর। তাঁর শরীরের ৬০ শতাংশের বেশী পুড়ে যায়। তাঁকে প্রথমে হাওড়া হাসপাতালে এবং পরে এম আর বাঙুর হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনাস্থলে যান পুলিশ আধিকারিকরা। ঘটনার তদন্ত শুরু হয়েছে। কেন এই অ্যাসিড হামলা তা এখনও স্পষ্ট নয়।
অন্যদিকে, এক যুবতীকে ধর্ষণের অভিযোগে বলরাম সরেন নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পূর্ব বর্ধমানের রায়না থানার পুলিস। বর্ধমান আদালতে গতকাল তাকে পেশ করা হয়। তবে, ধৃতের হয়ে কোন আইনজীবী দাঁড়াননি। তাকে বিচার বিভাগীয় হেপাজতে পাঠিয়ে ৫ ই সেপ্টেম্বর ফের আদালতে হাজির করার নির্দেশ দেওয়া হয়। এদিনই ম্যাজিস্ট্রেটের কাছে নির্যাতিতার গোপন জবানবন্দি নথিভুক্ত করেছে পুলিশ।

**********************

কলকাতার নারকেলডাঙা এলাকার যে মহিলার রক্তাক্ত দেহ, বুধবার সকালে আনন্দপুর থানার নোনাডাঙায় ঝোপের মধ্যে পাওয়া গিয়েছিল, তাঁর নিখোঁজ নাতির মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। গতকাল বানতলা খাল থেকে শিশুটির দেহ উদ্ধার হয়। রেহানা বেগম নামে বছর ৫৫ র ঐ মহিলা, পাঁচ বছরের নাতিকে নিয়ে ভাড়াটিয়া ভিকি শর্মার সঙ্গে গাড়িতে তপসিয়ায় আত্মীয়ের বাড়ি গিয়েছিলেন বলে পরিবার জানিয়েছে। চালক ইমতিয়াজ আলিও ছিল গাড়িতে। রেহানার দেহ উদ্ধার

হবার পর দুজনকেই গ্রেপ্তার করে পুলিশ। কিন্ত শিশুটি নিখোঁজ ছিল। ধৃতদের জেরা করে তার দেহের সন্ধান মেলে।
আদালত, ভিকিকে আটদিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে। ইমতিয়াজ নাবালক হওয়ায় জুভেনাইল জাস্টিস বোর্ডের নির্দেশে তাকে হোমে পাঠানো হয়।
এদিকে, দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে গতসন্ধ্যায় বৃষ্টির মধ্যে নারকেলডাঙা থানা ঘেরাও করে CPIM ।

************************

আজ প্রথম জাতীয় মহাকাশ দিবস। প্রথম এই দিনটি উদ্‌যাপন উপলক্ষ্যে সারাদেশে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এরাজ্যেও হবে নানা কর্মসূচী। গত ৩/৪ দশকে ভারতের মহাকাশ গবেষণা কেন্দ্র ইসরোর অভূতপূর্ব সাফল্য বিশ্ববাসীর নজর কেড়েছে বলে জানিয়েছেন, কলকাতার বিড়লা তারামণ্ডলের পূর্বতন অধিকর্তা ডঃ দেবীপ্রসাদ দুয়ারী।

( বাইট- দেবীপ্রসাদ)

************************

জাতীয় মহাকাশ দিবস উপলক্ষে আজ শুনবেন বিশেষ আলোচনা। একটি বিশেষ মহাকাশ বিজ্ঞানী, বর্তমানে ইসরোর মুখ্য কার্যালয়ে কর্মরত, স্পেস সায়েন্স প্রোগ্রামের ডিরেক্টর ড: তীর্থ প্রতীম দাসের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল।

সংবাদ বিভাগ প্রযোজিত ১৫ মিনিটের এই অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে ৯'টায় গীতাঞ্জলি ও ১০৭ প্রচার তরঙ্গ মেগাহার্টৎজ এবং DTH পরিষেবায়।

************************

মোহনবাগান সুপার জায়ান্ট ও রেলওয়ে এফসির মধ্যে কলকাতা প্রিমিয়ার লিগের আজকের ম্যাচটি স্থগিত রাখা হয়েছে। ম্যাচ শুরু হওয়ার কথা ছিলো বিকেল তিনটেয়। একইদিনে বিকেল চারটে থেকে জামশেদপুরে মোহনবাগানের ডুরান্ড কাপের কোয়ার্টার ফাইনাল ম্যাচ। সেই কারণেই এই সিদ্ধান্ত বলে IFA-র পক্ষ থেকে জানানো হয়েছে।

এদিকে, বৃষ্টির কারণে নৈহাটি স্টেডিয়ামে মহামেডান স্পোর্টিং ও সুরুচি সংঘের মধ্যে কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলের ম্যাচটি গতকাল বিরতির পর পরিত্যক্ত ঘোষণা করা হয়। মহামেডান স্পোর্টিং সেইসময় ১-২ গোলে পিছিয়ে।

উলুবেড়িয়া স্টেডিয়ামের ম্যাচে উয়ারি এফসি ২-১ গোলে মেসারর্স ক্লাবকে হারিয়ে দেয়।

কল্যাণী স্টেডিয়াম ডায়মন্ডহারবার এফসি ৬-০ গোলে আর্মি রেড দলকে, ব্যারাকপুর স্টেডিয়ামে পাঠচক্র এসসি ১-০ গোলে সাদার্ন সমিতিকে এবং বিধাননগরে এরিয়ান ২-১ গোলে খিদিরপুর ক্লাবকে পরাজিত করে।

****************************************************************